

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৫৩

বিশ্রামগঞ্জ, ৩ জানুয়ারি, ২০২৪

সিপাহীজলা জেলায় কেন্দ্রীয় প্রকল্প নিয়ে পর্যালোচনা বৈঠক
প্রধানমন্ত্রী বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ
নিয়েছেন : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা যাতে সমাজের একবারে অস্তিম ব্যক্তির কাছে গিয়ে পৌঁছে যায় তা সুনিশ্চিত করার জন্য কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। তিনি আজ সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প নিয়ে এক পর্যালোচনা বৈঠকে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। দেশের সাধারণ মানুষের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প ও পরিষেবার সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। সাধারণ মানুষ যাতে এই প্রকল্পগুলির সুফল ভোগ করতে পারেন সেই বিষয়ে বিশেষভাবে নজর দিতে হবে।

পর্যালোচনা বৈঠকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী উন্নয়ন কর্মসূচি রূপায়ণে জনপ্রতিনিধি ও প্রশাসনিক আধিকারিকদের মধ্যে সমন্বয় রক্ষা করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রতি ইঞ্চি জমি যাতে ব্যবহৃত হয় সেদিকে লক্ষ্য রেখে বিভিন্ন প্রকল্প চালু করেছেন। প্রধানমন্ত্রীর এই লক্ষ্যকে পাথেয় করেই আমাদের রাজ্যেও কোনও কৃষি জমি পতিত অবস্থায় পড়ে না থাকে তা সুনিশ্চিত করতে হবে। জেলার জলসেচের বিভিন্ন উৎসগুলি যথাযথভাবে কাজ করছে কিনা তা খতিয়ে দেখার জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। তিনি বলেন, জনজাতি এবং মহিলাদের আর্থিক অবস্থার উন্নয়নে বর্তমান কেন্দ্রীয় সরকার নানা প্রকল্প ঘোষণা করেছে। এগুলি যাতে রাজ্যেও যথাযথভাবে উদযাপিত হয় সেদিকে বিশেষভাবে নজর দিতে হবে।

বৈঠকে বিধায়ক অন্তরা সরকার দেব ও বিধায়ক বিন্দু দেবনাথ, সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা জে বি দোয়াতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব ডা. মিলিন্দ রামটেকে, বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং ত্রিস্তরীয় পঞ্চায়েত স্তরের জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বৈঠকে জেলাশাসক ও সমাহর্তা পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জেলায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি তুলে ধরেন।
